সংবাদ

তারিখ ... 09 JUL 2005

# 'জামাতের চক্রান্তে আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হচ্ছে না'

নিজস্ব বার্তা পরিবেশক

জামাত ও শিবিরের চক্রান্ত দেশে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অন্তরায় হয়ে দাঁড়িয়েছে বলে বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়া নেতৃবৃন্দ অভিযোগ করেছেন। গতকাল শুক্রবার সকালে পুরানা পল্টনের সংগঠন কার্যালয়ে অনুষ্ঠিত সভায় নেতৃবৃন্দ এ অভিযোগ করেন। সভায় নেতৃবৃন্দ বলেন, জামাত-শিবিরের প্ররোচণায় দেশের মাদ্রাসাগুলোকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়ে গলা টিপে হত্যার ষড়যন্ত্র চলছে। তারা বলেন, যেকোন মূল্যে ফাজিল ও কামিল শ্রেণীর এফিলেটিং ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি বাস্তবায়ন করা হবে।

আ ন ম এনায়েতউল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন মুজাহিদ, হাসান মাহমুদ, মোস্তফা আল মোসাইয়্যার, আবু হানিফ, আল আমিন, আবদুল আলিম ও আবদুল কাদের। সভায় আগামী ৫ আগস্ট আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবিতে কর্মিসভার কর্মসূচি ঘোষণা করা হয়।